দৈনিক ইত্তেফাক

তারিখ 06 JAN 2016
পৃষ্ঠা ৪ কলাম ৭

# সরকারি নাজিমউদ্দিন কলেজে শিক্ষকের ২৮টি পদ শূন্য

■ মাদারীপুর প্রতিনিধি

জেলা সদরের সরকারি নাজিমউদ্দিন কলেজে শিক্ষকদের ২৮টি পদ খালি রয়েছে। এরমধ্যে একমাত্র প্রভাষকেরই ২৩টি পদ রয়েছে। এতে শিক্ষার্থীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে।

কলেজের অধ্যক্ষ অধ্যাপক হিতেন চন্দ্র মন্ডল এ তথ্য নিশ্চিত করেছেন। এর মধ্যে হিসাববিজ্ঞান বিভাগে সহযোগী অধ্যাপকের ২টি, প্রভাষকের ৩টি, বাংলা বিভাগে সহযোগী অধ্যাপকের একটি, প্রভাষকের ২টি ও ইংরেজি বিভাগে সহযোগী অধ্যাপকের একটি ও প্রভাষকের ৩টি পদসহ ২৮টি পদ শূন্য রয়েছে।